গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি
তুলসীঘাট, গাইবান্ধা।

স্মারক নং-২৭.১২.৩২২৪.৫৬৫.০১.০০৮.২২.৫১২৫ তাঃ৩১/০৮/২২ খ্রিঃ

# নিলাম বিজ্ঞপ্তি

গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর ওএন্ডএম স্টোরের কনডেম ঘোষিত নিম্নোক্ত মালামাল (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | মালামালের বিবরণ/আইটেম নং | পরিমান | দাখিলকৃত একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) | দরপত্র দাখিলের স্থান ও সময় |
|---|---|---|---|---|---|
| ০১ | (ক) হার্ডওয়ার ও লৌহজাত মালামাল | ১৪৯৫১.০৬ কেজি | | | **স্থান:**<br>(ক)জেনারেল ম্যানেজার, গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলসীঘাট, গাইবান্ধা।<br>(খ)পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।<br>**দাখিলের তারিখ ও সময়:**<br>২০/০৯/২০২২ খ্রিঃ, ১১:৩০ পর্যন্ত<br>**খোলার তারিখ ও সময়:**<br>২০/০৯/২০২২ খ্রিঃ, ১১:৩৫ |
| | (খ) এনালগ মিটার ১ ফেজ | ৫৩৮ টি | | | |
| | (গ) সিঙ্গেল ফেজ ইলেকট্রনিক্স মিটার (ডিজিটাল) | ৪৩২২টি | | | |
| | (ঘ) ১১ কেভি সাসপেনশনের ধাতব অংশ (সি-১০) | ৩৩৪ টি | | | |
| | (ঙ) ১১ কেভি সাসপেনশনেরধাতব অংশ (সি-১১) | ১১১ টি | | | |
| | (চ) পিডিবি সাসপেনশনের ধাতব অংশ (সি-১১) | ৫২৬ টি | | | |
| | (ছ) প্লাস্টিক ববিন | ১৫২ টি | | | |

**শর্তাবলী:**

০১। উপরে উল্লেখিত মামালামালের প্রতিটি আইটেমের বিপরীতে একক দর ও মোট দর উল্লেখপূর্বক দরপত্র দাখিল করতে পারবেন। দরপত্রের খামের উপরে নিলাম দরপত্র উল্লেখ করতে হবে। দরদাতাগণ একটি বা একাধিক বা সকল আইটেমের বিপরীতে দর দাখিল করতে পারবেন। প্রতিটি আইটেমের বিপরীতে পৃথকভাবে দাখিলকৃত দরপত্র কর্তৃপক্ষ কর্তৃক দর মূল্যায়ন ক্ষেত্রে সর্বোচ্চ দরদাতার দরপত্র গ্রহণ করা হবে।

০২। আগ্রহী দরদাতাগণ উপরে বর্নিত সময়সূচী অনুযায়ী গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে (তুলসীঘাট,গাইবান্ধা) রক্ষিত টেন্ডার বক্সে অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, ৮ম তলা, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন।

০৩। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে (তুলসীঘাট,গাইবান্ধা) ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, ৮ম তলা, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৪। মালামাল নিলামে ক্রয়ের জন্য প্রতিটি আইটেমের বিপরীতে পৃথকভাবে উদ্ধৃত দরের ২৫% আনেষ্ট মানি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। কৃতকার্য নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% মূল্য নিলাম দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো তারিখ হতে ১৫ (পনেরো) দিনের মধ্যে নগদ/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি হতে নিজ খরচে মালামাল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদান পূর্বক মালামাল গ্রহণে ব্যর্থ হলে জামানতে সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৮। দরপত্রে কোন কাটা ছেঁড়া/ঘষামাজা করা যাবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে।

০৯। গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(শেখ মানোয়ার মোরশেদ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)
গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি।

E-mail: gbndhapbs@yahoo.com
www. pbs.gaibandha.gov.bd

## নিলাম দরদাতার প্রতি নির্দেশাবলীঃ

| | | | |
|---|---|---|---|
| ০১ | নিলাম দরপত্র দলিল | : | নিলামকৃত মালামাল, নিলাম দরপত্র পদ্ধতি এবং চুক্তির শর্তাবলী এই নিলাম দরপত্র দলিলে বর্ণনা করা হয়েছে। নিলাম দরপত্র বিজ্ঞপ্তি ছাড়াও এই নিলাম দরপত্র দলিলে অন্তর্ভুক্ত হবে নিম্নোক্ত অংশগুলিঃ<br>(ক) দরদাতার প্রতি নির্দেশাবলী<br>(খ) নিলাম দরপত্র ফরম<br>(গ) মালামাল ও মূল্য তালিকা<br>(ঘ) মালামাল গ্রহণের সময়সীমা তালিকা<br>(ঙ) নিলাম দরপত্র দলিল ক্রয়ের রশিদ |
| ০২ | নিলাম দরপত্র দলিল স্পষ্টায়ন | : | নিলাম দরপত্র দলিলের কোন বিধান সম্ভাব্য দরদাতার কাছে অস্পষ্ট প্রতীয়মান হলে তা স্পষ্টায়নের জন্য বিক্রেতার ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানানো যেতে পারে। তবে অবশ্যই নিলাম দরপত্র দাখিলের সর্বশেষ তারিখের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে বিক্রেতার নিকট পৌঁছাতে হবে। বিক্রেতা লিখিতভাবে সম্ভাব্য দরদাতার অনুরোধ অনুযায়ী সংশ্লিষ্ট বিষয় স্পষ্টায়ন করবেন। |
| ০৩ | দরপত্র দলিলের সংশোধন | : | দরপত্র দলিলের সর্বশেষ সময়ের পূর্বে যে কোন সময় বিক্রেতা তার নিজ উদ্যোগে অথবা সম্ভাব্য দরদাতার অনুরোধে দরপত্র দলিলের যে কোন বিধান সংশোধন করতে পারবেন। তবে যে সকল সম্ভাব্য দরদাতা ঐ সময়ে দলিল সংগ্রহ করেছেন তাদেরকে লিখিতভাবে উক্ত সংশোধন জানানো হবে এবং তা অনুসরণ করা দরদাতাদের জন্য বাধ্যতামূলক হবে। |

## দরপত্র তৈরী

| | | | |
|---|---|---|---|
| ০৪ | যে সকল দলিল দ্বারা নিলাম দরপত্র তৈরী হবে। | : | দরদাতা কর্তৃক দাখিলতব্য দরপত্র অবশ্যই নিম্নোক্ত দলিলসমূহ নিয়ে তৈরী হবেঃ<br>(ক) পূরণকৃত দরপত্র ফরম ও মূল্য তালিকা।<br>(খ) পূরণকৃত মালামাল গ্রহণের সময়সীমা তালিকা। |
| ০৫ | দরদাতার যোগ্যতা | : | দর দাখিলকারী প্রতিষ্ঠান হলে ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি এবং ব্যক্তির ক্ষেত্রে ন্যাশনাল আইডি কার্ডের ফটোকপি দাখিল করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | দরপত্র জামানত | : | দরপত্রের সাথে দরদাতাকে মালামালের প্রতিটি আইটেমের বিপরীতে উদ্ধৃত দরের ন্যূনতম ২৫% দরপত্র জামানত বাংলাদেশী যে কোন তফসীলি ব্যাংক হতে গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকুলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রদান করা যাবে। কোন দরপত্রের সাথে প্রয়োজনীয় অংকের দরপত্র জামানত দাখিল না করলে উক্ত দরপত্র নন-রেসপনসিভ হিসাবে বিবেচিত হবে। ব্যর্থ দরদাতাদের দরপত্র জামানত যথাশীঘ্র সম্ভব ফেরৎ প্রদান করা হবে। তবে কোন অবস্থায় দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৩০ দিনের অতিরিক্ত অতিক্রান্ত হবে না।<br>দরপত্র জামানত বাজেয়াপ্ত হয়ে যাবে যদি-<br>ক) দরপত্রের মেয়াদ বহাল থাকা অবস্থায় কোন দরদাতা তার দরপত্র প্রত্যাতার করেন অথবা<br>খ) ১৪.১ ধারা অনুযায়ী উদ্ধৃত দরের কোন সংশোধন গ্রহণে দরদাতা অস্বীকৃতি জানান;<br>গ) কৃতকার্য দরদাতা কে অবশ্যই অবশিষ্ট ৭৫% মূল্য দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে নগদ/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক মালামাল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ দিতে ব্যর্থ হলে জামানতের সমূদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে। |
| ০৭ | দরপত্রের মেয়াদ | : | দরপত্র দাখিলের তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত দরপত্রের মেয়াদ বহাল থাকবে। দরপত্রের মেয়াদ ১২০ (একশত বিশ) দিনের কম সময়ের জন্য হলে দরপত্র নন-রেসপনসিভ বিবেচিত করে বাতিল করা হবে। বিশেষ এবং ব্যতিক্রমী পরিস্থিতিতে বিক্রেতা দরদাতাকে দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ জানাতে পারেন। এই অনুরোধ এবং এর প্রতি দরদাতার সাড়া অবশ্যই লিখিত ভাবে হতে হবে। তবে দরদাতা দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ প্রত্যাখ্যান করতে পারেন। সেক্ষেত্রে দরদাতার দরপত্র জামানত বাজেয়াপ্ত হবে না। |
| ০৮ | নিলাম দরপত্র স্বাক্ষর | : | দরপত্রের প্রত্যেক পৃষ্ঠায় দরদাতা অথবা তার উপযুক্ত প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকতে হবে। দরপত্রে কোনরুপ কাটাকাটি, ঘষামাজা করা হলে তা দরপত্র স্বাক্ষরকারী কর্তৃক অনুস্বাক্ষরিত হতে হবে। স্পষ্টাক্ষরে চালু মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। |

## <u>নিলাম দরপত্র দাখিল</u>

| | | | |
|---|---|---|---|
| ০৯ | দরপত্র বন্ধকরণ ও চিহ্নিত করণ | : | উল্লেখিত মালামালের জন্য পৃথকভাবে দরপত্র দাখিল করতে পারবেন। দরদাতা দরপত্রের খামের উপরে মালামালের নাম উল্লেখ পূর্বক দরপত্র একটি খামে বন্ধ করবেন। খামে ক্রেতার ঠিকানা স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং খামের উপরে দরপত্র খোলার সর্বশেষ সময়সীমা ২০/০৯/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার পূর্বে **"খোলা যাবে না"** মর্মে লিখতে হবে। |
| ১০ | দরপত্র দাখিলের সময়সীমা | : | দরপত্র অবশ্যই ২০/০৯/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকার সময় বা তার পূর্বে বিক্রেতা বা তার প্রতিনিধি কর্তৃক গৃহীত হতে হবে। বিক্রেতা প্রয়োজন মনে করলে দরপত্র দলিলের সকল শর্ত অপরিবর্তিত রেখে দরপত্র গ্রহণের সময়সীমা বৃদ্ধি করতে পারেন। |

| | | | |
|---|---|---|---|
| ১১ | দেরীতে দাখিলকৃত দরপত্র | : | বিক্রেতা কর্তৃক নির্ধারিত সময়সীমার পরে দাখিলকৃত সকল দরপত্র বাতিল করা হবে এবং বন্ধ অবস্থায় দরদাতাকে ফেরৎ প্রদান করা হবে। |

## বিক্রেতা কর্তৃক নিলাম দরপত্র খোলা

| | | | |
|---|---|---|---|
| ১২ | বিক্রেতা কর্তৃক নিলাম দরপত্র খোলা | : | ২০/০৯/২০২২ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১:৩৫ ঘটিকায় দরদাতাগণের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) সমিতির সদর দপ্তর, তুলসীঘাট, গাইবান্ধা ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, ৮ম তলা, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহার, খিলক্ষেত, ঢাকায় নিলাম দরপত্রসমূহ খোলা হবে। দরদাতাগণের প্রতিনিধিগণ উপস্থিত থাকলে অবশ্যই তার উপস্থিতি তালিকায় স্বাক্ষর করবেন। দরপত্র খোলার সময় বিক্রেতা দরদাতার নাম, ঠিকানা, উদ্ধৃত মূল্য, দরপত্র জামানতের পরিমান এবং বিক্রেতার মতে প্রয়োজনীয় অন্যান্য বিষয় ঘোষণা করবেন এবং লিপিবদ্ধ করবেন। ১০ অনুচ্ছেদ অনুযায়ী দেরীতে দাখিলকৃত দরপত্র ব্যতিত খোলার সময় অন্য কোন দরপত্র বাতিল ঘোষণা করা যাবে না। |
| ১৩ | নিলাম দরপত্র স্পষ্টায়ন | : | দরপত্র মূল্যায়নকালে বিক্রেতা প্রয়োজন মনে করিলে যে কোন দরদাতার নিকট তার দরপত্রের উপর ব্যাখ্যা চাইতে পারেন। তবে এ ধরণের ব্যাখ্যা এবং তার বিপরীতে সাড়া অবশ্যই লিখিতভাবে হতে হবে। এ ছাড়াও উদ্ধৃত মূল্যের পরিবর্তন অথবা দরদাতা প্রস্তাব করতে পারবেন না প্রস্তাব করার অনুমতি দেওয়া হবে না। |
| ১৪ | প্রাথমিক যাচাই বাছাই | : | ১৪.১: বিক্রেতা গৃহীত দরপত্রসমূহ প্রাথমিক যাচাই বাছাইকালে দরপত্র দলিলের শর্তাদি অনুযায়ী দরপত্রসমুহ পূর্ণাঙ্গ কি না, প্রয়োজনীয় দরপত্র জামানত দাখিল করা হয়েছে কি না, দরপত্র যথাযথভাবে স্বাক্ষরিত কি না , গাণিতিক কোন ভুল আছে কি না ইত্যাদি বিষয়ে নিশ্চিত হবেন। গাণিতিক কোন ভুল থাকিলে নিম্নোক্তভাবে তা সংশোধন করা হবেঃ<br><br>১৪.২: উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে। |
| ১৫ | মালামাল পরিদর্শন | : | নিলামযোগ্য মালামাল প্রতিদিন অফিস চলাকালীন গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে পরিদর্শন করা যাবে। নিলাম মালামাল ক্রয়ের ক্ষেত্রে অতিরিক্ত কোন তথ্য জানার প্রয়োজন হলে সমিতির প্রশাসন বিভাগে যোগাযোগ করা যেতে পারে। |
| ১৬ | দরপত্র মূল্যায়ন ও তুলনাকরণ | : | গৃহীত দরপত্রসমূহ ১৪ অনুচ্ছেদ অনুযায়ী যাচাই বাছাই কালে সর্বোতভাবে বিবেচিত রেসপনসিভ দরপত্র সমূহ বিক্রেতা মূল্যায়ন ও তুলনা করবেন। |

## কার্যাদেশ প্রদানঃ

| | | | |
|---|---|---|---|
| ১৭ | কার্যাদেশ প্রদানের নির্ণায়ক | : | ১৯ অনুচ্ছেদ সাপেক্ষে বিক্রেতা সফল দরদাতা অর্থ্যাৎ যার দরপত্র সর্বোত্তভাবে রেসপনসিভ এবং মূল্যায়িত সর্বোচ্চ দরদাতা হিসাবে বিবেচিত হবে তাকে কার্যাদেশ প্রদান করবেন। |
| ১৮ | বিক্রেতার যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখান করার অধিকার | : | কার্যাদেশ প্রদানের পূর্ব পর্যন্ত বিক্রেতা যে কোন দরপত্র গ্রহণ/প্রত্যাখান করা অথবা দরপত্র প্রক্রিয়া বাতিল অথবা সকল দরপত্র প্রত্যাখান করার অধিকার সংরক্ষন করেন এবং এ কারণে ক্ষতিগ্রস্থ দরদাতা বা দরদাতাগণের নিকট বিক্রেতার কোন দায়বদ্ধতা সৃষ্টি হবে না। |
| ১৯ | কার্যাদেশ প্রদান | : | দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হবার পূর্বেই বিক্রেতা সফল দরদাতাকে লিখিতভাবে কার্যাদেশ প্রদান করবেন। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ১৫(পনেরো) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি হতে মালামাল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা দিতে ব্যর্থ হলে কার্যাদেশসহ জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।<br><br>অত্র সমিতির প্রশাসন বিভাগে যোগাযোগ পূর্বক মালামাল সরবরাহ গ্রহণ করতে হবে। |
| ২০ | শুল্ক ও কর পরিশোধ | : | মালামাল সরবরাহ গ্রহণের পূর্বে পরিশোধযোগ্য সরকারী নিয়মানুযায়ী কৃতকার্য দরদাতাকে উদ্ধৃত দরের সাথে পৃথকভাবে ভ্যাট ও ট্যাক্স পরিশোধ করতে হবে। |

পরিশিষ্ট 'ক'

# নিলাম দরপত্র ফরমঃ

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার
গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি
তুলসীঘাট, গাইবান্ধা।

প্রিয় মহোদয়,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী (গণ) নিলাম দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) পুঙ্খানুপুঙ্খ যাচাইপূর্বক আইটেম নং------------- ---------------------------------------------------- এর জন্য মোট------------------------------------------------ (কথায়)---------------------------------------------------------টাকায় সরবরাহ গ্রহণ করার প্রস্তাব করছি।

আমার/আমাদের দরপত্র গৃহীত হলে আমি/আমরা উদ্ধৃত সময়সীমার মধ্যে মালামাল সরবরাহ গ্রহণ করতে বাধ্য থাকব।

আমার/আমাদের দরপত্র গৃহীত হলে নিলাম দরপত্র দলিলের অনুচ্ছেদে উল্লিখিত সময়ের জন্য উদ্ধৃত দর বৈধ থাকবে এবং ঐ সময়ের মধ্যে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশ অনুযায়ী মালামাল সরবরাহ গ্রহণ করতে বাধ্য থাকবো।

আপনার প্রদত্ত কার্যাদেশ গাইবান্ধা পল্লী সমিতি এবং আমাদের মধ্যে চুক্তি হিসাবে গণ্য হবে।

আমি/আমরা জ্ঞাত আছি যে আপনি সর্বনিম্ন দর অথবা যে কোন দরপত্র গ্রহণে বাধ্য নন।

--------------------------------
দরদাতার স্বাক্ষর
নাম-----------------------------
পদবী-----------------------------
পূর্ণ ঠিকানা/ফোন নং

দরদাতার প্রতিষ্ঠানের নাম-----------------------------------------------------------

পরিশিষ্ট 'খ'

## মালামাল ও মূল্য তালিকাঃ

| আইটেম নং | মালামালের বিবরণ/আইটেম নং | পরিমান | দাখিলকৃত একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | (ক) হার্ডওয়ার ও লৌহজাত মালামাল | ১৪৯৫১.০৬ কেজি | | |
| | (খ) এনালগ মিটার ১ ফেজ | ৫৩৮ টি | | |
| | (গ) সিঙ্গেল ফেজ ইলেকট্রনিক্স মিটার (ডিজিটাল) | ৪৩২২টি | | |
| | (ঘ) ১১ কেভি সাসপেনশনেরধাতব অংশ (সি-১০) | ৩৩৪ টি | | |
| | (ঙ) ১১ কেভি সাসপেনশনেরধাতব অংশ (সি-১১) | ১১১ টি | | |
| | (চ) পিডিবি সাসপেনশনের ধাতব অংশ (সি-১১) | ৫২৬ টি | | |
| | (ছ) প্লাস্টিক ববিন | ১৫২ টি | | |
| সর্বমোট (টাকা) = | | | | |
| কথায়= | | | | |

---------------------------------

দরদাতার স্বাক্ষর

নাম-----------------------------

পদবী----------------------------

পূর্ণ ঠিকানা/ফোন নং

দরদাতার প্রতিষ্ঠানের নাম--------------------------------------------------------------

পরিশিষ্ট 'গ'

**সরবরাহ গ্রহণের সময়সীমার তালিকাঃ**

| ক্রমিক নং | মালামালের বিবরণ/আইটেম নং | পরিমান | সরবরাহ গ্রহণের সময়সীমা | উদ্ধৃত সময়সীমা | যে স্থান হতে মালামাল সরবরাহ করা হবে। |
|---|---|---|---|---|---|
| ০১ | (ক) হার্ডওয়ার ও লৌহজাত মালামাল | ১৪৯৫১.০৬ কেজি | ১৫ (পনেরো)দিন (কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১৫ দিন) | | গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, তুলসীঘাট, গাইবান্ধা। |
| | (খ) এনালগ মিটার ১ ফেজ | ৫৩৮ টি | | | |
| | (গ) সিঙ্গেল ফেজ ইলেকট্রনিক্স মিটার (ডিজিটাল) | ৪৩২২টি | | | |
| | (ঘ) ১১ কেভি সাসপেনশনেরধাতব অংশ (সি-১০) | ৩৩৪ টি | | | |
| | (ঙ) ১১ কেভি সাসপেনশনেরধাতব অংশ (সি-১১) | ১১১ টি | | | |
| | (চ) পিডিবি সাসপেনশনের ধাতব অংশ (সি-১১) | ৫২৬ টি | | | |
| | (ছ) প্লাস্টিক ববিন | ১৫২ টি | | | |

নোটঃ কার্যাদেশ প্রদানের তারিখকে সরবরাহ সময়সীমা শুরু হবার তারিখ হিসাবে গণ্য হবে।

(শেখ মানোয়ার মোরশেদ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)
গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি
তারিখঃ